

সারাদেশে এইচএসসি
অালিম ও সমমানের
পরীক্ষা আজ শুরু
পরীক্ষার্থী ৯ লাখ ২৬,৮১৪

□ **স্টাফ রিপোর্টার**

সারাদেশে আজ (রোববার) থেকে এইচএসসি, অালিম, এইচএসসি (বিএম/ভোকেশনাল) ও ডিআইবিএস পরীক্ষা শুরু হচ্ছে। এবার ৯ লাখ ২৬ হাজার ৮১৪ জন শিক্ষার্থী এ পরীক্ষায় অংশ নিবে। এর মধ্যে ছাত্রের সংখ্যা ৪ লাখ ৯৬ হাজার ৩৯৫ এবং ৪ লাখ ৩০ হাজার ৪১৯ জন ছাত্রী রয়েছে। গতবারের তুলনায় এবার ১ লাখ ৪৭ হাজার ৭১২ জন

সারাদেশে এইচএসসি
প্রথম পৃষ্ঠার পর

৩৭০ জন বেশি পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। এবার এইচএসসি, অালিম ও সমমানের বাংলা প্রথম পত্রের পরীক্ষা হবে সূজনশীল পদ্ধতিতে। বাংলা প্রথম পত্র পরীক্ষা দিয়ে আজ থেকে পরীক্ষার প্রথম দিন শুরু হচ্ছে। সকাল ১০টায় পরীক্ষা শুরু হয়ে দুপুর ১টায় শেষ হবে। সারাদেশে মোট ৭ হাজার ৫৫৬টি শিক্ষা প্রতিষ্ঠানের ২ হাজার ১৯৬টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়াও দেশের বাইরে মোহা, আবুধাবি, রিয়াদ জেদা ও ত্রিপুরাতে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। এসব পরীক্ষায় অংশ নেবেন ১৮৯ জন। যুক্তরাষ্ট্রের শিবিয়ার ত্রিগোলি কেন্দ্রের তিন জন পরীক্ষার্থী বাংলাদেশে এসে পরীক্ষায় অংশ নিবে।

বৃহত্তর এ পাবলিক পরীক্ষার প্রথম দিনে শিক্ষামন্ত্রী মুহাম্মদ ইসলাম সাহিদ সকাল ১০টায় ঢাকা কলেজে পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে যাবেন। শান্তিপুর ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষার সব ব্যবস্থা নেয়া হয়েছে বলে তিনি জানান। পরীক্ষার সময় কোনো কারণে ফাঁদা রাজনৈতিক নেতা এবং জনপ্রতিনিধিদের কেন্দ্রে বা ঢোকায় জন্য তাদের প্রতি অনুরোধ জানিয়েছেন তিনি।

শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রমতে, দেশের ৮টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে ঢাকা বোর্ডে এবার ২ লাখ ৩৫ হাজার ৭২০ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে, রাজশাহীতে ১ লাখ ৬ হাজার ৮০০ জন, হুনিয়াতে ৭৮ হাজার ৮৯০ জন, যশোরে ১ লাখ ৭ হাজার ৩৮০ জন, চট্টগ্রামে ৫৪ হাজার ৪৫০ জন, বরিশালে ৪২ হাজার ৬৮০, সিলেটে ৩৭ হাজার ৭৪০ জন এবং দিনারপুরে ৮৭ হাজার ১৮০ জন পরীক্ষার্থী এবার এইচএসসিতে অংশ নিচ্ছে। এছাড়া মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে অালিম পরীক্ষায় ৮৫ হাজার ২২৬ জন ও কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ভোকেশনাল পরীক্ষায় ৮৬ হাজার ৪১৫ এবং ডিপ্লোমা ইন বিজনেস টাউন্সের (ডিআইবিএস) আওতায় ৪ হাজার ৩২১ জন পরীক্ষার্থী অংশ নেবে। এ বছর মোট শিক্ষা প্রতিষ্ঠান বৃদ্ধি পেয়েছে ২৬৮টি এবং মোট কেন্দ্র বৃদ্ধি পেয়েছে ১২২টি।

১ এমিল শুরু হয়ে এ পরীক্ষা ২০ মে পর্যন্ত চলবে। এরপর ব্যবহারিক পরীক্ষাগুলো চলবে ২০ মে থেকে ৬ জুন পর্যন্ত। ১০০ নম্বরের সূজনশীল প্রশ্নগুলো দুই ভাগে বিভক্ত থাকবে। রচনামূলক অংশের জন্য ৬০ নম্বর ও বৈখিক অংশের জন্য ৪০ নম্বর বরাদ্দ থাকবে। প্রতিবছরী পরীক্ষার্থীর প্রতিবেদনের সাহায্যে পরীক্ষা শেষ করার জন্য বাড়তি ২০ মিনিট সময় পাবে।